বিসিএস প্রশাসন
একাডেমি বার্তা
www.bcsadminacademy.gov.bd জুলাই – সেপ্টেম্বর সংখ্যা ২০২২

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে বিসিএস প্রশাসন একাডেমির প্রথম স্থান অর্জন




বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নে প্রথম স্থান অর্জনের পুরস্কার গ্রহণ করছেন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নে বিসিএস প্রশাসন একাডেমি প্রথম স্থান অর্জন করে। এ অর্জনের স্বীকৃতিস্বরূপ ২৬ জুন ২০২২ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এম.পি., বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন-এঁর হাতে সম্মাননা ক্রেস্ট এবং সনদ তুলে দেন। অনুষ্ঠানে মাননীয় প্রতিমন্ত্রী বলেন বাংলাদেশ এখন সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে এ সফলতা অর্জন সম্ভব হয়েছে। এছাড়াও তিনি কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চার উপর গুরুত্বারোপ করেন। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কে এম আলী আজম। সিনিয়র সচিব বলেন ২০৪১ সালের উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে সরকারি কর্মচারীদের নিষ্ঠা, আন্তরিকতা ও দেশপ্রেমের সাথে কাজ করতে হবে। এসময় বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন বলেন এ স্বীকৃতি একাডেমির প্রত্যেক সদস্যের কর্মস্পৃহা বৃদ্ধি করবে এবং নিঃসন্দেহে প্রত্যেককে অনুপ্রাণিত করবে। কর্মনিষ্ঠার এ ধারা আগামীতেও অব্যাহত থাকবে বলে তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। এছাড়াও অনুষ্ঠানে জনপ্রশাসন মন্ত্রণালয় ও সংযুক্ত দপ্তরসমূহের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত অনুষ্ঠানে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার প্রধানগণ, মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ২০১৯-২০২০ অর্থবছরেও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার মধ্যে বিসিএস প্রশাসন একাডেমি প্রথম স্থান অর্জন করে।

# জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষ্যে বিসিএস প্রশাসন একাডেমিতে আলোচনা সভা, রক্তদান কর্মসূচী ও দোয়া মাহফিল




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২২ উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল



জাতীয় শোক দিবস- ২০২২ উপলক্ষ্যে রক্তদান কর্মসূচি

বিসিএস প্রশাসন একাডেমিতে ১৫ই আগস্ট ২০২২ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভা, দোয়া মাহফিল ও স্বেচ্ছায় রক্তদান কর্মসূচীর আয়োজন করা করা হয়। উক্ত আয়োজনে প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এম.পি.। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব কে এম আলী আজম, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) মোমিনুর রশিদ আমিন আলোচনা সভায় সভাপতিত্ব করেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর-সংস্থার প্রধানগণ, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বিসিএস প্রশাসন একাডেমির অনুষদবৃন্দ, ১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ আলোচনা সভা ও দোয়া মাহফিলে অংশগ্রহণ করেন।

দিবসের শুরুতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এম.পি., জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব সচিব কে এম আলী আজম, বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন, আগত অতিথিবৃন্দ, বিসিএস প্রশাসন একাডেমির অনুষদবৃন্দ, প্রশিক্ষণার্থীবৃন্দ এবং বিসিএস প্রশাসন একাডেমির কর্মচারীগণ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। পরবর্তীতে একাডেমির মেডিকেল সেন্টারে শোক দিবস উপলক্ষ্যে রক্তদান করেন অনুষদসদস্য এবং প্রশিক্ষণার্থীবৃন্দ। আলোচনা সভার পূর্বে দোয়া পাঠ পর্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের শাহাদাতবরণকারী সকল সদস্যের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়। আলোচনা সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এম.পি. বলেন, ১৯৭১ সালের ২৫ মার্চের কালরাতে ইতিহাসের নৃশংসতম গণহত্যার পর ২৬ মার্চের প্রথম প্রহরেও বঙ্গবন্ধুর কণ্ঠেই জাতি শুনেছিল মহান স্বাধীনতার অমর ঘোষণা। দেশে ফিরে যুদ্ধবিধ্বস্ত দেশ গড়ার কাজে নিজেকে নিয়োজিত রাখার পাশাপাশি দেশের মানুষকে উন্নয়নের ধারায় সম্পৃক্ত করেন বঙ্গবন্ধু। বঙ্গবন্ধুর নৃশংসতম হত্যাকান্ড দেশের উন্নয়নের সেই ধারাকে স্থবির করে দেয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব জনাব কে এম আলী আজম বলেন, বঙ্গবন্ধু কেবল একজন ব্যক্তি নন, এক মহান আদর্শের নাম। যে আদর্শে উজ্জীবিত হয়েছিল গোটা দেশ। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন বলেন, বিশ্ব ও মানবসভ্যতার ইতিহাসে ঘৃণ্য ও নৃশংসতম এই হত্যাকাণ্ডের মাধ্যমে সেদিন তারা কেবল বঙ্গবন্ধুকেই নয়, তার সঙ্গে বাঙালির হাজার বছরের প্রত্যাশার অর্জন স্বাধীনতার আদর্শগুলোকেও হত্যা করতে চেয়েছিল। কিন্তু বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে দেশ একটি অসাম্প্রদায়িক এবং পর্যায়ক্রমে সমৃদ্ধশালী রাষ্ট্রে পরিণত হচ্ছে।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে রেক্টরের শ্রদ্ধা নিবেদন



টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর সমাধিতে একাডেমির রেক্টর (সচিব) এর পুষ্পার্ঘ্য অর্পণ

বিসিএস প্রশাসন একাডেমির সম্মানিত রেক্টর ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব জনাব মোমিনুর রশিদ আমিন ০৪ সেপ্টেম্বর ২০২২ তারিখ গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর সমাধিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন ও দোয়ায় অংশগ্রহণ করেন। এ সময় তাঁর সাথে গোপালগঞ্জের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট জনাব শাহিদা সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার টুঙ্গিপাড়া জনাব মোঃ আল-মামুন উপস্থিত ছিলেন।

## ফ্রেঞ্চ ভাষা শিক্ষা কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান




বিসিএস প্রশাসন একাডেমিতে ১৮ জুলাই ২০২২ তারিখে আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের জন্য ফ্রেঞ্চ ভাষা শিক্ষা কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান আয়োজিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন।

# বিসিএস প্রশাসন একাডেমিতে মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বিষয়ক কর্মশালা



মন্ত্রিপরিষদ বিভাগ আয়োজিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক কর্মশালায় আগত অতিথিবৃন্দ

বিসিএস প্রশাসন একাডেমিতে ২০ জুলাই ২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ সরকারি অফিসসমূহে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন ও পরীবিক্ষণ বিষয়ক কর্মশালা আয়োজন করে। উক্ত কর্মশালায় উপস্থিত ছিলেন সম্মানিত মন্ত্রিপরিষদ সচিব জনাব খন্দকার আনোয়ারুল ইসলাম, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সিনিয়র সচিব জনাব আমিনুল ইসলাম খান, মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার সচিব জনাব সামসুল আরেফিনসহ সরকারের বিভিন্ন মন্ত্রনালয়ের সিনিয়র সচিব ও সচিববৃন্দ।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) মূলত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের /বিভাগের সচিবের মধ্যে স্বাক্ষরিত একটি সমঝোতা দলিল। সরকারি কর্মকাণ্ডে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রবর্তন করা হয়েছে।

## কর্মশালাঃ ডিজিটাল লিডারশিপ জার্নি




ডিজিটাল লিডারশিপ জার্নি বিষয়ক কর্মশালায় অতিথিবৃন্দ এবং অংশগ্রহণকারীবৃন্দ

বিসিএস প্রশাসন একাডেমিতে ২১ আগস্ট ২০২২ তারিখে এটুয়াই ও একাডেমির যৌথ উদ্যোগে ‘২০৪১ সালের সিভিল সার্ভিস ও ডিজিটাল লিডারশিপ জার্নি’ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় অংশগ্রহন করেন ১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এটুয়াই হতে আগত কর্মকর্তাবৃন্দ, বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ জনাব মোঃ খায়রুল কবীর মেনন, কোর্স পরিচালক জনাব ইলিয়া সুমনা এবং বিসিএস প্রশাসন একাডেমির অনুষদবৃন্দ এ কর্মশালায় অংশগ্রহণ করেন।

## ভ্রাম্যমান আদালত পরিচালনার জন্য এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের দ্বিতীয় বিশেষ প্রশিক্ষণ কোর্স





উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন

বিসিএস প্রশাসন একাডেমিতে ১১ সেপ্টেম্বর ২০২২ হতে ২৪ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত বিভিন্ন দপ্তর, অধিদপ্তর ও সংস্থায় কর্মরত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটদের ভ্রাম্যমান আদালত পরিচালনার জন্য দ্বিতীয় বিশেষ প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট হিসেবে বিভিন্ন দপ্তর/সংস্থায় কর্মরত ১৮ জন কর্মকর্তা এই প্রশিক্ষণ গ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষনার্থীদের মধ্যে সনদ বিতরণ করেন বিসিএস প্রশাসন একাডেমির (রেক্টর) সচিব মোমিনুর রশিদ আমিন। সমাপনী ও সনদ প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেম্বার ডিরেক্টিং স্টাফ জনাব মোঃ খায়রুল কবীর মেনন।

## ফিটলিস্টভুক্ত ইউএনওদের ৪২ তম ওরিয়েন্টেশন কোর্স



প্রশিক্ষণ সমাপনান্তে সনদ প্রদান করছেন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ জনাব মোঃ খায়রুল কবীর মেনন

বিসিএস প্রশাসন একাডেমিতে ফিটলিস্টভুক্ত ইউএনওদের ৪২তম ওরিয়েন্টেশন কোর্সের প্রশিক্ষণ কার্যক্রম ১৮ সেপ্টেম্বর ২০২২ থেকে ২৯ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) হিসেবে পদায়নের লক্ষ্যে ফিটলিস্টভুক্ত সিনিয়র সহকারী সচিব পর্যায়ের ২০ জন কর্মকর্তা এতে অংশগ্রহণ করেন। মাঠ পর্যায়ের বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবেলায় ও জনবান্ধব জনপ্রশাসন গড়ে তোলার লক্ষ্যে ফিটলিস্টভুক্ত ইউএনওদের কৃষি ও অকৃষি খাস জমি এবং অন্যান্য সরকারী সম্পত্তি বন্দোবস্ত, হাট-বাজারের পেরিফেরি ও জলমহাল ব্যবস্থাপনা, দরিদ্র ও ভূমিহীনদের জন্য সরকারের পূনর্বাসন কর্মসূচী যেমন আশ্রয়ন, আবাসন, আদর্শ গ্রাম, গুচ্ছগ্রাম এবং জলবায়ু দূর্গত মানুষের পূনর্বাসন প্রকল্পের বাস্তবায়ন ও তদারকি, মোবাইল কোর্ট পরিচালনা সহ বিভিন্ন বিষয় এই প্রশিক্ষণ কার্যক্রমে অন্তর্ভুক্ত ছিল। সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষনার্থীদের সনদ প্রদান করেন বিসিএস প্রশাসন একাডেমির (রেক্টর) সচিব মোমিনুর রশিদ আমিন। সমাপনী ও সনদ প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ জনাব মোঃ খায়রুল কবীর মেনন, ফিটলিস্টভুক্ত ইউএনওদের ৪২তম ওরিয়েন্টেশন কোর্সের কোর্স পরিচালক ড. মোল্লা মাহমুদ হাসান এবং বিসিএস প্রশাসন একাডেমির অন্যান্য অনুষদবৃন্দ।

## দ্বিতীয় মেস রজনীঃ জীবনের জয়গানে উন্নয়নের সোপানে



২য় মেস রজনীতে প্রশিক্ষণার্থীদের পরিবেশনা




২য় মেস রজনীতে প্রধান অতিথি ছিলেন জনাব ড. আহমদ কায়কাউস প্রধানমন্ত্রীর মুখ্য সচিব

বিসিএস প্রশাসন একাডেমিতে ১২৪ তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের সাংস্কৃতিক আয়োজন দ্বিতীয় মেস রজনী অনুষ্ঠিত হয় ৩১ জুলাই ২০২২ তারিখে। এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস। সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রশিক্ষণার্থী কর্মকর্তাবৃন্দ আবহমান বাংলার ঐতিহ্য, মুক্তিযুদ্ধ ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের অগ্রযাত্রা গান, আবৃত্তি অভিনয়ের মাধ্যমে তুলে ধরেন। বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ জনাব মোঃ খায়রুল কবীর মেনন, কোর্স পরিচালক জনাব ইলিয়া সুমনা এবং বিসিএস প্রশাসন একাডেমির অনুষদবৃন্দ এ সময় উপস্থিত থেকে সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন এ আয়োজনের জন্য প্রশিক্ষণার্থী কর্মকর্তাগনকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

## ১২৪ তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের ইনডাকশন প্রোগ্রাম




ইনডাকশন প্রোগ্রামে প্রশিক্ষণার্থীদের সাথে কোর্স ম্যানেজমেন্ট টিম

১২৪ তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের ইনডাকশন প্রোগ্রাম ২ সেপ্টেম্বর হতে ৪ সেপ্টেম্বর ২০২২ তারিখে বঙ্গবন্ধু দারিদ্র বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমিতে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণার্থীগণ এই প্রোগ্রামে পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে ইঅচঅজউ এর কার্যক্রম সম্পর্কে অবহিত হন এবং সরেজমিনে মাঠের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। বিসিএস প্রশাসন একাডেমির সম্মানিত রেক্টর ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব জনাব মোমিনুর রশিদ আমিন তাঁদের কার্যক্রম পরিদর্শন করেন এবং সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন। কোর্স পরিচালক ও পরিচালক (প্রশিক্ষণ) জনাব ইলিয়া সুমনা, কোর্স সমন্বয়ক ড. মোঃ কামরুজ্জামান, ড. মোঃ মঈন উদ্দিন, সহকারী কোর্স সমন্বয়ক তানিয়া মুন এবং মহুয়া আফরোজ ইনডাকশন প্রোগ্রামটি তত্ত্বাবধান করেন। সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড সরেজমিনে দেখার পাশাপাশি প্রশিক্ষণার্থীদের জন্য ক্রীড়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

## ফিটলিস্টভুক্ত ইউএনওদের ওরিয়েন্টেশন কোর্সে অতিথি বক্তা সিনিয়র সচিব জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া



নেতৃত্বের গুণাবলির গুরুত্ব নিয়ে ফিটলিস্টভুক্ত ইউএনওদের ৪২তম ওরিয়েন্টেশন কোর্সে উন্মুক্ত সেশন পরিচালনা করেন জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া, সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়। তিনি বলেন, প্রশাসনের নবীন কর্মকর্তাদের কাঁধেই আগামীর সমৃদ্ধশালী বাংলাদেশ বিনির্মানের দায়িত্ব। এজন্য জনগনের দোরগোড়ায় সেবা পৌছে দিতে প্রশাসনকে সদা সচেষ্ট থাকতে হবে।

## বিসিএস প্রশাসন একাডেমির শুদ্ধাচার পুরস্কার ২০২১-২০২২ প্রদান



একাডেমির শুদ্ধাচার পুরস্কার ২০২১-২০২২ গ্রহণ করছেন
একাডেমির পরিচালক (প্রশাসন) ড. কে এম কামরুজ্জামান সেলিম

জাতীয় শুদ্ধাচার নীতিমালা ২০১৭ অনুসারে প্রজাতন্ত্রের কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে ২৮ জুন ২০২২ বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমির জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২ প্রদান করা হয়। কাজের প্রতি একাগ্রতা, কর্তব্যপরায়নতা, এবং সততার জন্য বিসিএস প্রশাসন একাডেমির পরিচালক (প্রশাসন) ড. কামরুজ্জামান সেলিম (যুগ্মসচিব)-কে একাডেমির ১ম গ্রেড থেকে ১০ম গ্রেডের সরকারী কর্মকর্তাদের মধ্য হতে শুদ্ধাচার পুরস্কারে ভূষিত করা হয়। এছাড়া একাডেমির ১১তম থেকে ১৬ তম গ্রেডের কর্মচারীদের মধ্য হতে শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২ প্রাপ্ত হন বিসিএস প্রশাসন একাডেমির গাড়িচালক জনাব শাহজাহান আলী এবং ১৭ হতে ২০ গ্রেডের কর্মচারীদের মধ্য হতে শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত হন নিরাপত্তা প্রহরী মোঃ জাকের হোসেন। মূল বেতনের সমপরিমানের আর্থিক প্রণোদনা, সনদপত্র ও ক্রেস্ট দিয়ে পুরস্কার প্রাপ্তদের অভিনন্দিত করেন অনুষ্ঠানের প্রধান অতিথি একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ ড মোঃ জাহাঙ্গীর আলম ও মেম্বার ডিরেক্টিং স্টাফ জনাব মোঃ খায়রুল কবীর মেনন এবং বিসিএস প্রশাসন একাডেমির অনুষদবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন। সরকারি কর্মকর্তাদের মধ্যে শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রনয়ন করা হয়। একই ধারাবাহিকতায় ২০১৭ সালে সরকার জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা-২০১৭ ঘোষণা করে। তিনটি ক্যাটাগরিতে একটি প্রতিষ্ঠানে কর্মরত সরকারি চাকুরীজীবীগণ এ পুরস্কার পেয়ে থাকেন।

## আইন ও প্রশাসন কোর্সের অধিবেশনে অতিথি বক্তা সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী





স্থানীয় সরকার বিভাগের কার্যক্রম নিয়ে উন্মুক্ত সেশন পরিচালনা করেন স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী। এসময় তিনি রূপকল্প ২০৪১ ও ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ বাস্তবায়নে স্থানীয় সরকারের ভূমিকা বিষয়ে আলোচনা করেন।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের শ্রদ্ধাঞ্জলি



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর সমাধিতে ১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের কোর্স ম্যানেজমেন্ট টিম এবং প্রশিক্ষণার্থীবৃন্দের পুষ্পার্ঘ্য অর্পণ

বিসিএস প্রশাসন একাডেমিতে চলমান ১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ ০২ সেপ্টেম্বর ২০২২ তারিখে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। এ সময় কোর্স পরিচালক ও পরিচালক (প্রশিক্ষণ) জনাব ইলিয়া সুমনা, কোর্স সমন্বয়ক ড. মোঃ কামরুজ্জামান, ড. মোঃ মঈন উদ্দিন, সহকারী কোর্স সমন্বয়ক তানিয়া মুন এবং মহুয়া আফরোজ প্রশিক্ষণার্থীদের সাথে বঙ্গবন্ধুর সমাধিতে শ্রদ্ধা জ্ঞাপন করেন।


## সম্পাদনা পর্ষদ

| | | |
|---|---|---|
| উপদেষ্টা | : | **মোমিনুর রশিদ আমিন**, রেক্টর (সচিব) |
| সম্পাদক | : | **মোঃ খায়রুল কবীর মেনন**, মেম্বার ডিরেক্টিং স্টাফ |
| সদস্য | : | **ড. আব্দুল আলীম খান**, পরিচালক (গবিষণা ও প্রকাশনা) |
| | : | **সোহেল রানা**, উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা) |
| পরিকল্পনা ও বাস্তবায়নে | : | **তানিয়া মুন**, প্রকাশনা কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) |
| প্রকাশকাল | : | অক্টোবর ২০২২ |



**বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি**
শাহবাগ, ঢাকা-১০০০
www.bcsadminacademy.gov.bd
ফোন: +৮৮ (০২) ৫৫১৬৫৯০১
ফ্যাক্স : +৮৮ (০২) ৫৫১৬৫৯২২
ই-মেইল: ddrp@bcsadminacademy.gov.bd